রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, মে ১৭, ২০২৬**

**[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]**

**বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ/০৫ মে, ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ৮৯-আইন/২০২৬।**—বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড আইন, ২০২০ (২০২০ সনের ২৭ নং আইন) এর ধারা ২৯ এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (দাখিল ও আলিম স্তরের বেসরকারি মাদ্রাসার গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রবিধানমালার—

(ক) প্রবিধান ১ এর পরিবর্তে নিম্নরূপ প্রবিধান ১ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“১। **শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন।**—(১) এই প্রবিধিধানমালা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড (দাখিল ও আলিম স্তরের বেসরকারি মাদ্রাসার ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডি) প্রবিধানমালা, ২০২৫ নামে অভিহিত হইবে।”;

(খ) প্রবিধান ৬ এর পরিবর্তে নিম্নরূপ প্রবিধান ৬ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“৬। **গভর্নিং বডির সভাপতি।**—(১) স্নাতক বা সমমানের পরীক্ষায় অনুত্তীর্ণ কোনো ব্যক্তি গভর্নিং বডির সভাপতি পদে মনোনীত হইতে পারিবেন না:

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক মনোনীত কোনো দাতা সদস্য, বিদ্যোৎসাহী ব্যক্তি, স্থানীয় খ্যাতিমান সমাজসেবক বা কোনো ব্যক্তির বিশেষ যোগ্যতার ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে না।



**মূল্য :** টাকা ৮.০০

(২) কোনো শিক্ষক কর্মরত বেসরকারি মাদ্রাসার গভর্নিং বডির সভাপতি পদে মনোনীত হইতে পারিবেন না, তবে সমপর্যায়ের বা নিম্নস্তরের অন্য কোনো বেসরকারি মাদ্রাসার গভর্নিং বডির সভাপতি পদে মনোনীত হইতে বাধা থাকিবে না।

(৩) কোনো ব্যক্তি একই মাদ্রাসার গভর্নিং বডিতে পরপর ২ (দুই) বারের অধিক সভাপতি মনোনীত হইতে পারিবেন না, তবে এক মেয়াদ বিরতিঅন্তে এই প্রবিধানমালার বিধান মোতাবেক পুনরায় মনোনীত হইতে পারিবেন।

(৪) কোনো ব্যক্তি একই মাদ্রাসার গভর্নিং বডিতে পরপর ২ (দুই) বারের অধিক, ক্ষেত্রমত, শিক্ষক প্রতিনিধি বা অভিভাবক প্রতিনিধি নির্বাচিত হইতে পারিবেন না, তবে এক মেয়াদ বিরতিঅন্তে এই প্রবিধানমালার বিধান মোতাবেক পুনরায় নির্বাচন করিতে পারিবেন।

(৫) কোনো ব্যক্তি ২ (দুই) টির অধিক বেসরকারি মাদ্রাসায় গভর্নিং বডির সভাপতি মনোনীত হইতে পারিবেন না।

(৬) কোনো ব্যক্তি যে কোনো ধরনের মোট ৪ (চার) টির অধিক বেসরকারি মাদ্রাসার গভর্নিং বডির বা ম্যানেজিং কমিটির সভাপতির দায়িত্ব পালন করিতে পারিবেন না।";

(গ) প্রবিধান ৭ এর উপ-প্রবিধান (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-প্রবিধান (১) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(১) গভর্নিং বডির সভাপতি মনোনয়নের লক্ষ্যে মাদ্রাসা প্রধান, স্থানীয় উপজেলা নির্বাহী অফিসার ও জেলা প্রশাসকের মাধ্যমে স্থানীয় পর্যায়ের জনপ্রতিনিধি, সংশ্লিষ্ট জেলা বা উপজেলার সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত বা অবসরপ্রাপ্ত ৯ম গ্রেড, বা তদূর্ধ্ব পদমর্যাদার কর্মচারী, শিক্ষানুরাগী ব্যক্তি বা স্থানীয় খ্যাতিমান সমাজসেবকগণের মধ্য হইতে ৩ (তিন) জন ব্যক্তির নাম ও জীবনবৃত্তান্ত সংবলিত প্রস্তাব শিক্ষা বোর্ডের নিকট প্রেরণ করিবেন:

তবে শর্ত থাকে যে, সিটি কর্পোরেশনের আওতাভুক্ত মাদ্রাসার ক্ষেত্রে, মাদ্রাসা প্রধান বিভাগীয় কমিশনারের মাধ্যমে শিক্ষা বোর্ডের নিকট প্রস্তাব প্রেরণ করিবেন:

আরও শর্ত থাকে যে, সভাপতি পদে প্রস্তাবিত ব্যক্তিগণের নামের তালিকাক্রম মনোনয়নের ক্ষেত্রে কোনোভাবেই অগ্রাধিকারক্রম হিসাবে গণ্য হইবে না।";

(ঘ) প্রবিধান ৮ এর উপ-প্রবিধান (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-প্রবিধান (১) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(১) গভর্নিং বডির সদস্য নির্বাচন বা, ক্ষেত্রমত, সম্পন্ন হইবার অনধিক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে মাদ্রাসা প্রধান, সদস্য পদে নির্বাচিত ব্যক্তিগণের পূর্ণ নাম ও ঠিকানা এবং প্রিজাইডিং অফিসার কর্তৃক প্রকাশিত সদস্য নির্বাচনের ফলাফল বিবরণীর একটি অনুলিপি ও সভাপতি মনোনয়নের প্রস্তাব অনুমোদনের জন্য স্থানীয় উপজেলা নির্বাহী অফিসার ও জেলা প্রশাসকের মাধ্যমে শিক্ষা বোর্ডে প্রেরণ করিবেন:

তবে শর্ত থাকে যে, সিটি কর্পোরেশনের আওতাভুক্ত মাদ্রাসার ক্ষেত্রে, মাদ্রাসা প্রধান, বিভাগীয় কমিশনারের মাধ্যমে শিক্ষা বোর্ডের নিকট প্রস্তাব প্রেরণ করিবেন।";

(ঙ) প্রবিধান ১২ এর পরিবর্তে নিম্নরূপ প্রবিধান ১২ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"১২। **ম্যানেজিং কমিটির সভাপতি**।— (১) স্নাতক বা সমমানের পরীক্ষায় অনুত্তীর্ণ কোনো ব্যক্তি ম্যানেজিং কমিটির সভাপতি পদে মনোনীত হইতে পারিবেন না:

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক মনোনীত কোনো দাতা সদস্য, বিদ্যোৎসাহী ব্যক্তি, স্থানীয় খ্যাতিমান সমাজসেবক বা কোনো ব্যক্তির বিশেষ যোগ্যতার ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে না।

(২) কোনো শিক্ষক কর্মরত বেসরকারি মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি পদে মনোনীত হইতে পারিবেন না, তবে সমপর্যায়ের বা নিম্নস্তরের অন্য কোনো বেসরকারি মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি পদে মনোনীত হইতে বাধা থাকিবে না।

(৩) কোনো ব্যক্তি একই বেসরকারি মাদ্রাসার ম্যানেজিং কমিটিতে একাদিক্রমে ২ (দুই) বারের অধিক সভাপতি মনোনীত হইতে পারিবেন না, তবে এক মেয়াদ বিরতিঅন্তে তিনি পুনরায় মনোনীত হইতে পারিবেন।

(৪) কোনো ব্যক্তি একই বেসরকারি মাদ্রাসার ম্যানেজিং কমিটিতে একাদিক্রমে ২ (দুই) বারের অধিক, ক্ষেত্রমত, শিক্ষক প্রতিনিধি বা অভিভাবক প্রতিনিধি নির্বাচিত হইতে পারিবেন না, তবে এক মেয়াদ বিরতিঅন্তে তিনি পুনরায় নির্বাচন করিতে পারিবেন।

(৫) কোনো ব্যক্তি ২ (দুই) টির অধিক বেসরকারি মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি মনোনীত হইতে পারিবেন না এবং যে কোনো ধরনের মোট ৪ (চার) টির অধিক বেসরকারি মাদ্রাসার ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডির সভাপতির দায়িত্ব পালন করিতে পারিবেন না।";

(চ) প্রবিধান ১৩ এর পরিবর্তে নিম্নরূপ প্রবিধান ১৩ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"১৩। **ম্যানেজিং কমিটির সভাপতি মনোনয়ন।**—(১) ম্যানেজিং কমিটির সভাপতি মনোনয়নের লক্ষ্যে মাদ্রাসা প্রধান, স্থানীয় উপজেলা নির্বাহী অফিসার ও জেলা প্রশাসকের মাধ্যমে স্থানীয় পর্যায়ের জনপ্রতিনিধি, সংশ্লিষ্ট জেলা বা উপজেলার সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত বা অবসরপ্রাপ্ত ৯ম গ্রেড বা তদূর্ধ্ব পদমর্যদার কর্মচারী, শিক্ষানুরাগী ব্যক্তি বা স্থানীয় খ্যাতিমান সমাজসেবকগণের মধ্য হতে ৩ (তিন) জন ব্যক্তির নাম ও জীবনবৃত্তান্ত সংবলিত প্রস্তাব শিক্ষা বোর্ডের নিকট প্রেরণ করিবেন:

তবে শর্ত থাকে যে, সিটি কর্পোরেশনের আওতাভুক্ত মাদ্রাসার ক্ষেত্রে, মাদ্রাসা প্রধান বিভাগীয় কমিশনারের মাধ্যমে প্রস্তাব শিক্ষা বোর্ডের নিকট প্রেরণ করিবেন:

আরও শর্ত থাকে যে, সভাপতি পদে প্রস্তাবিত ব্যক্তিগণের নামের তালিকাক্রম মনোনয়নের ক্ষেত্রে কোনোভাবেই অগ্রাধিকারক্রম হিসাবে গণ্য হইবে না।

(২) শিক্ষা বোর্ড, উপ-প্রবিধান (১) এর অধীন প্রস্তাবিত ব্যক্তিগণের মধ্য হইতে একজনকে ম্যানেজিং কমিটির সভাপতি মনোনীত করিবে।

(৩) পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে সভাপতির পদ শূন্য হইলে, পদ শূন্য হইবার অনধিক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে, মাদ্রাসা প্রধান, এই প্রবিধানের বিধান অনুসরণপূর্বক, অবশিষ্ট মেয়াদের জন্য পুনরায় সভাপতি মনোনয়নের জন্য নাম ও জীবনবৃত্তান্ত সংবলিত প্রস্তাব শিক্ষা বোর্ডে প্রেরণ করিবেন।";

(ছ) প্রবিধান ১৪ এর উপ-প্রবিধান (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-প্রবিধান (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(১) ম্যানেজিং কমিটির সভাপতি ব্যতীত, অন্যান্য সদস্য নির্বাচন সম্পন্ন হইবার অনধিক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে মাদ্রাসা প্রধান, নির্বাচিত ব্যক্তিগণের পূর্ণ নাম ও ঠিকানা এবং প্রিজাইডিং অফিসার কর্তৃক প্রকাশিত সদস্য নির্বাচেনের ফলাফল বিবরণীর একটি অনুলিপি ও সভাপতি মনোনয়ের প্রস্তাব অনুমোদনের জন্য স্থানীয় উপজেলা নির্বাহী অফিসার ও জেলা প্রশাসকের মাধ্যমে শিক্ষা বোর্ডে প্রেরণ করিবেন:

তবে শর্ত থাবে যে, সিটি কর্পোরেশনের আওতাভুক্ত মাদ্রাসার ক্ষেত্রে মাদ্রাসা প্রধান, বিভাগীয় কমিশনারের মাধ্যমে শিক্ষা বোর্ডের নিকট প্রস্তাব প্রেরণ করিবেন।";

(জ) প্রবিধান ৬৪ এর উপ-প্রবিধান (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-প্রবিধান (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৩) সভাপতি মনোনয়নের ক্ষেত্রে মাদ্রাসা প্রধান, স্থানীয় উপজেলা নির্বাহী অফিসার ও জেলা প্রশাসকের মাধ্যমে, শিক্ষানুরাগী ব্যক্তি, খ্যাতিমান সমাজসেবক, জনপ্রতিনিধি অথবা কর্মরত বা অবসরপ্রাপ্ত ৯ম গ্রেড বা তদূর্ধ্ব পদমর্যাদার সরকারি কর্মচারীগণের মধ্য হইতে ৩ (তিন) জনের একটি তালিকাসহ অন্যান্য সদস্যের মনোনয়ন গ্রহণপূর্বক সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নিকট প্রেরণ করিবেন:

তবে শর্ত থাকে যে, সিটি কর্পোরেশনের আওতাভুক্ত মাদ্রাসার ক্ষেত্রে, মাদ্রাসা প্রধান বিভাগীয় কমিশনারের মাধ্যমে শিক্ষা বোর্ডের নিকট প্রস্তাব প্রেরণ করিবেন।"।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর আদেশক্রমে

**প্রফেসর মিঞা মোঃ নূরুল হক**
চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd